দৈনিক খবর

তারিখ ... 11 OCT 1991
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৭

# কৃষি বিশ্ববিদ্যালয়ে আবার গুলী ককটেল

ময়মনসিংহ, ১০ই অক্টোবর (নিজস্ব সংবাদদাতা)।– কৃষি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আবারও গুলীবর্ষণ ও ককটেল বিস্ফোরণ হয়েছে। অজ্ঞাতনামা হামলাকারীরা গতকাল বুধবার গভীর রাতে ক্যাম্পাসে বিক্ষিপ্তভাবে গুলীবর্ষণ ও ভিসির বাসভবনের সামনে অন্ততঃ ২০টি হাত বোমার বিস্ফোরণ ঘটায়।

প্রতিদ্বন্দ্বী দু'টি ছাত্র সংগঠনের পূর্বশত্রুতার জের হিসেবে এই ঘটনা ঘটে বলে অনুমান করা হচ্ছে।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এই ঘটনার প্রেক্ষিতে শারদীয় পূজার বন্ধের নির্ধারিত তারিখের দুদিন আগে বিশ্ববিদ্যালয় বন্ধের ঘোষণা দিয়েছে। আগামী সোমবারের পরিবর্তে আগামী শনিবার বিশ্ববিদ্যালয় বন্ধ হচ্ছে। কর্তৃপক্ষ ৩য় বর্ষের কৃষি অনুষদ বিভাগের চূড়ান্ত পরীক্ষা স্থগিত ঘোষণা করেছে।

বাংলাদেশ ছাত্রলীগ (হা-অ) আজ সকালে শহরে একটি মিছিল বের করে। এ সময় বিক্ষুব্ধ যুবকদের হাতে রোটারী ক্লাবের একটি এ্যাম্বুলেন্স ও ঢাকা মেট্রো গ-৩৭৮৫ নম্বরের একটি প্রাইভেট গাড়ী ভাঙচুর হয়। জাতীয়তাবাদী ছাত্রদল দুপুরে আরেকটি মিছিল বের করে।